

(১) ডিজিটাল সিনেমা প্যাকেজ (ডিসিপি) মেশিন ক্রয়ের উদ্যোগ গ্রহণ :

এ দপ্তরের ২০১৪-১৫ অর্থবছরের ক্রয় পরিকল্পনা মোতাবেক ০১টি ডিজিটাল সিনেমা প্যাকেজ ক্রয়ের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হলে ০৪টি দরপত্রসমূহ পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহ কারিগরি উপ-কমিটি কর্তৃক যাচাইয়ের পর দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক Preliminary Examination sheet পর্যালোচনা করে দেখা যায় যে, STD এর নির্ধারিত ৪২টি মূল্যায়ন নির্ণায়কের মধ্যে দরপত্রগুলোতে যথাক্রমে ১৩, ১১, ১৫ ও ২০টি নির্ণায়কে বিচ্যুতি (Deviation) রয়েছে। ফলে, দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক ০৪টি দরপত্রের সবগুলোই Non-Responsive বলে বিবেচিত হয়।

এ দপ্তরের ২০১৫-১৬ অর্থবছরের ক্রয় পরিকল্পনা মোতাবেক একটি ডিজিটাল সিনেমা প্যাকেজ (ডিসিপি) ক্রয়ের জন্য আন্তর্জাতিক দরপত্র আহ্বান করা হলে ০১টি মাত্র দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রটি কারিগরি উপ-কমিটি কর্তৃক যাচাইয়ের পর দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক Preliminary Examination sheet পর্যালোচনা করে দেখা যায় যে, STD এর নির্ধারিত ৪২টি মূল্যায়ন নির্ণায়কের মধ্যে দরপত্রটিতে ২০টি নির্ণায়কে বিচ্যুতি (Deviation) রয়েছে। ফলে, দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্রটি Non-Responsive বলে বিবেচিত হয়।

উল্লেখ্য, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের চাহিদা ও এ উদ্দেশ্যে প্রস্তুত কৃত Specifications মোতাবেক ডিজিটাল সিনেমা প্যাকেজের উৎপাদনকারী প্রতিষ্ঠান গুলো হচ্ছে : Barco (বেলজিয়াম), Christie Digital System (যুক্তরাষ্ট্র) এবং Nippon Electric Company Limited (NEC) (জাপান)।

বর্ণিত সামগ্রিক অবস্থা বিবেচনায় নিয়ে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের জন্য জরুরি ভিত্তিতে ডিজিটাল সিনেমা প্যাকেজ ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এর বিকল্প উত্তম ক্রয় পদ্ধতি নির্বাচন এবং প্রাসঙ্গিক করণীয় বিষয়ে পরামর্শ চেয়ে ০৮-০৮-২০১৬ তারিখে মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে।